**যুগান্তর**

তারিখ ... 11 APR 2003 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৭ ......

# তিন শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা নিলেন শিক্ষা প্রতিমন্ত্রী

যুগান্তর রিপোর্ট

শিক্ষা প্রতিমন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন এমপি গতকাল এসএসসি ও দখিল পরীক্ষার চতুর্থ দিনে মুন্সীগঞ্জ জেলার গজারিয়া কলিমউল্লাহ কলেজ (ভেনু) কেন্দ্র, কুমিল্লার দাউদকান্দি আদর্শ উচ্চ বিদ্যালয় কেন্দ্র, চান্দিনার শহীদ জিয়াউর রহমান কলেজ কেন্দ্র, নিমসার উচ্চ বিদ্যালয় কেন্দ্র এবং চৌদ্দগ্রামের মিয়াঁরবাজার লতিফুন্নেছা উচ্চ বিদ্যালয় কেন্দ্র পরিদর্শন করেন। পরিদর্শনকালে মন্ত্রী গজারিয়া কলিমউল্লাহ কলেজ কেন্দ্রে দায়িত্বে অবহেলার কারণে একজন শিক্ষককে বহিষ্কার ও অপর দু'জন শিক্ষককে ওইদিনের পরীক্ষার দায়িত্ব থেকে অব্যাহতি প্রদানের জন্য স্থানীয় প্রশাসনকে নির্দেশ দেন। কেন্দ্রগুলো পরিদর্শনকালে মন্ত্রী সুষ্ঠুভাবে নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানে সন্তোষ প্রকাশ করেন।

পরে মন্ত্রী রাজারবাগ পুলিশ হাসপাতালে পরীক্ষার দ্বিতীয় দিনে নোয়াখালীর সদর উপজেলার বাদেরহাট কেন্দ্রে দায়িত্ব পালনের সময় সন্ত্রাসীদের হামলায় আহত পুলিশ সদস্য আবুল বাশারকে (৫৬৮ নং) দেখতে যান এবং নগদ ১০ হাজার টাকা প্রদান করেন চিকিৎসার জন্য। এ ঘটনায় স্থানীয় পুলিশ ১৩ ব্যক্তিকে আটক করেছে এবং মামলা হয়েছে।